

১০/০৮/০৭

শিক্ষক ও ছাত্রদের অযথা হয়রানি করা হবে না

● ভারপ্রাপ্ত উপাচার্যকে প্রধান উপদেষ্টা

নিজস্ব বার্তা পরিবেশক

প্রধান উপদেষ্টা ড. ফরুজুল আলী আহমদ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক আ ফ ম ইউসুফ হায়দারকে আশ্বাস দিয়ে বলেছেন, রিমাতে নেয়া ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ও অসুস্থ বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আনোয়ার হোসেন এবং সমাজবিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. হারুন অর

রশীদের প্রতি সম্মানজনক ও মর্যাদাপূর্ণ অচরণ করা হবে। একই সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের কোন বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রী ও শিক্ষক এবং দেশের সাধারণ জনগণ অযথা হয়রানি হবে না বলে ভারপ্রাপ্ত উপাচার্যকে আশ্বাস করেছেন প্রধান উপদেষ্টা।

গতকাল শনিবার বিকেলে প্রধান উপদেষ্টার সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য হায়রানি : পৃষ্ঠা : ১১ ক : ৫

হয়রানি : করা হবে না

(১ম পৃষ্ঠার পর)

উপাচার্য আটক হওয়া ২ শিক্ষকের ক্ষেত্রভরের বিষয় নিয়ে দেখা করেন। এ সময় প্রধান উপদেষ্টা এসব আশ্বাস দেন। পরে সন্ধ্যায় উপাচার্যের বাসভবনে এক সংবাদ সম্মেলনে সাংবাদিকদের এসব কথা বলেন ভারপ্রাপ্ত উপাচার্য।

সংবাদ সম্মেলনে ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক আ ফ ম ইউসুফ হায়দার বলেন, আটক হওয়া ২ শিক্ষকের প্রতি প্রধান উপদেষ্টা সহনুভূতি জানিয়েছেন। প্রধান উপদেষ্টা বলেন, বর্তমান সরকার শিক্ষকদের প্রতি শ্রদ্ধাশীল। আটককৃত শিক্ষক সর্বোচ্চ আইনি সহায়তা পাবেন। তাদের সম্মানহানি হয় এমন কোন আচরণ করা হবে না বলে তিনি আশ্বাস দেন। এদিকে দেশের পরিস্থিতি স্বাভাবিক হয়ে এলে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের সব প্রধান শিক্ষাপ্রতিষ্ঠান খুলে দেয়ার আশ্বাস দিয়েছেন প্রধান উপদেষ্টা।

উপাচার্য ক্যাম্পাসের পরিস্থিতি নিয়ে বলেন, সরকার ছাত্রদের সব দাবি মেনে নেয়ার পর পরিস্থিতি শান্ত হয়ে এসেছিল। কিন্তু পরে কিছু ঘটনার পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা ও হল ভাঙের নির্দেশ দেয়া হয়। ওই সময় এর বিকল্প কিছু ছিল না। তিনি আলা প্রকাশ করেন, পরিস্থিতি দ্রুত স্বাভাবিক হয়ে আসবে এবং সব শিক্ষাপ্রতিষ্ঠান খুলে দেয়া হবে।

তিনি জানান, আটক হওয়া ২ শিক্ষক বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে তাদের প্রাপ্য আইনি সহায়তা পাবেন। এ ব্যাপারে তিনি সবার সহযোগিতা কামনা করেন। ভারপ্রাপ্ত উপাচার্য জানান, ক্যাম্পাসে আইন-শৃঙ্খলা রক্ষায় সব গুরুত্বপূর্ণ পয়েন্টে পুলিশ মোতায়েন করা হবে। গতকাল প্রডোস্ট স্ট্যাডিয়াম কমিটির সভায় ক্যাম্পাসের আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করায় এ ব্যবস্থা নেয়া হবে বলে তিনি জানান।